

(ঘ) ছেকানুপ্রাসঃ

দুটি বা তার বেশী ব্যঞ্জনবর্ণ যুক্ত বা বিযুক্ত থেকে ক্রমানুসারে যদি মাত্র দুবার ধ্বনিত হয়, তবেই হয় ছেকানুপ্রাস। একব্যঞ্জে ছেকানুপ্রাস হয় না।

বৃত্তানুপ্রাসেও ব্যঞ্জনগুচ্ছের দুবার ধ্বনিত হওয়ার লক্ষণ রয়েছে; কিন্তু সেখানে ধ্বনিত হয় শুধু অযুক্তভাবে এবং স্বরূপানুসারে আর ছেকানুপ্রাসে দুবার ধ্বনিত হয় যুক্ত বা অযুক্তভাবে এবং ক্রমানুসারে। এইখানে দুটির পার্থক্য।

(i) “উড়িল কলঙ্কুল অঙ্করপ্রদেশে”—মধুসূদন।

(ii) “লঙ্কার পঙ্কজরবি গেলা অস্তাচলে”—ঐ

৭. ব-ভ দিয়ে ধ্বনিসাম্য ও শ্রুতিনাধূর্য সৃষ্টি :
- (i) নিরাবরণ বন্ধে তব নিবাভরণ দেখে ।

[১] v. লাটানুপ্রাস

একই শব্দ, যদি দু বার বা তার বেশি বার, একই অর্থে ব্যবহৃত হয়, তবে তাকে লাটানুপ্রাস বলে।

যেমন : ১. যাও যাও গিরি আনিতে গৌরী মা আমার কত দুখেতে আছে।
এখানে 'যাও' একটি শব্দ, দু বার বসেছে, কিন্তু একই অর্থে বসেছে—অর্থের কোন পরিবর্তন ঘটেনি। এই হলো 'লাটানুপ্রাস'।

২. গাছে গাছে ফুল, ফুল ফুলে অলি সুন্দর ধরাতল।—রবীন্দ্রনাথ
এখানে 'গাছে' শব্দটি দু বার বসেছে। একই অর্থে বসেছে; তেমনি 'ফুলে' শব্দটি দুবার একই অর্থে বসেছে। সুতরাং এটিও লাটানুপ্রাস।

৩. দলে দলে শুধু মৌমাছি গুলি করে যারে উল্লাস।—মি. জে. বা
এখানে 'দলে' শব্দটি দুবার একই অর্থে বসেছে বলে এটি লাটানুপ্রাস।

[২] যমক

একই শব্দ বা এক রকমের উচ্চারণ শব্দ যদি দু বার বা তার বেশি বার পৃথক পৃথক অর্থে ব্যবহৃত হয়, তবে তাকে 'যমক' বলে।

১. যমক মানে দুই—যেন যমজ।